# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪২৯

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ যে কারণে গোবর ও হাড্ডি দিয়ে পবিত্রতা অর্জন করার ব্যাপারে ধমকী দেওয়া হয়েছে

## ذكر العلة التي من أجلها زجر عن الِاسْتِنْجَاءِ بِالْعَظْمِ وَالرَّوْثِ

আরবী

1429 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ الْهَاشِمِيُّ قَالَ: حَدَّثَنَا عَمْرُو بْنُ زُرَارَةَ قَالَ: أَخْبَرَنَا ابْنُ أَبِي زَائِدَةَ عَنْ دَاوُدَ بْنِ أَبِي هِنْدٍ عَنِ الشَّعْبِيِّ قَالَ: سَأَلْتُ عَلْقَمَةَ: هَلْ كَانَ ابْنُ مَسْعُودٍ شَهِدَ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَيْلَةَ الْجِنِّ؟ فَقَالَ عَلْقَمَةُ: أَنَا سَأَلْتُ ابْنَ مَسْعُودٍ فَقُلْتُ: هَلْ شَهِدَ أَحَدٌ مِنْكُمْ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَيْلَةَ الْجِنِّ؟ فَقَالَ: لَا وَلَكِنَّا كُنَّا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاتَ لَيْلَةٍ فَفَقَدْنَاهُ فَالْتَمَسْنَاهُ فِي الْأَوْدِيَةِ وَالشِّعَابِ فَقُلْنَا: استُطِيرَ أَوِ اغْتِيلَ قَالَ: فَبِتْنَا بِشَرِّ لَيْلَةٍ بَاتَ بِهَا قَوْمٌ فَلَمَّا أَصْبَحْنَا إذ اهو جَاءَ مِنْ قِبَلِ حِرَاءَ قَالَ: فَقُلْنَا: يَا رَسُولَ اللَّهِ فَقَدْنَاكَ فَطَلَبْنَاكَ فَلَمْ نَجِدْكَ فبِتْنَا بِشَرِّ لَيْلَةٍ بَاتَ بِهَا قَوْمٌ فَقَالَ: (أَتَانِي دَاعِي الْجِنِّ فَذَهَبْتُ مَعَهُ فَقَرَأْتُ عَلَيْهِمُ الْقُرْآنَ) قَالَ: فَانْطَلَقَ بِنَا فَأَرَانَا نِيرَانَهُمْ وَسَأَلُوهُ الزَّادَ فَقَالَ: (لَكُمْ كُلُّ عَظْمٍ ذُكر اسْمُ اللَّهِ عَلَيْهِ يَقَعُ فِي أَيْدِيكُمْ أَوْفَرَ مَا يَكُونُ لَحمًا وَكُلُّ بَعْرٍ عَلَفًا لِدَوَابِّكُمْ) فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (فَلَا تَسْتَنْجُوا بِالْعَظْمِ وَلَا بِالْبَعْرِ فَإِنَّهُ زَادُ إِخْوَانِكُمْ مِنَ الجن)

الراوي : الشَّعْبِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1429 | خلاصة حكم المحدث: صحيح دون قوله: ((ذكر اسم الله عليه))، و ((علف لدوابكم)) ـ ((الضعيفة)) (1038)، ((الإرواء)) (1/ 85/46): م..

বাংলা

১৪২৯. ইমাম শা'বী রহিমাহুল্লাহ বলেন, আমি আলকামা রহিমাহুল্লাহকে জিজ্ঞেস করলাম, “আব্দুল্লাহ বিন মাস'ঊদ

রাদ্বিয়াল্লাহু আনহু জিনদের উপস্থিত হওয়ার রাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে উপস্থিত ছিলেন?” জবাবে আলকামা রহিমাহুল্লাহ বলেন, “আমি আব্দুল্লাহ বিন মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু আনহুকে জিজ্ঞেস করে বলেছিলাম, “আপনাদের মাঝে কেউ জিনদের উপস্থিত হওয়ার রাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে উপস্থিত ছিলেন কি?” তিনি জবাবে বলেন, “না। তবে আমরা একরাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে উপস্থিত ছিলাম, অতঃপর আমরা তাঁকে হারিয়ে ফেলি। অতঃপর আমরা তাঁকে বিভিন্ন উপত্যকা ও গিরিপথে খোঁজাখুজি করি। অবশেষে আমরা বললাম, ‘হয়তো তাঁকে (জিন কর্তৃক) তুলে নেওয়া হয়েছে অথবা গুপ্তহত্যা করা হয়েছে! ফলে কোন কওমের সবচেয়ে খারাপ রাতের ন্যায় আমরা খুবই বাজে অবস্থায় রাত্রি যাপন করি। অতঃপর যখন আমরা সকাল করলাম, তখন আমরা দেখতে পেলাম তিনি হিরা গুহার দিক থেকে আসছেন! রাবী বলেন, আমরা বললাম, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমরা আপনাকে হারিয়ে ফেলি অতঃপর আমরা আপনাকে অনুসন্ধান করি। কিন্তু আমরা আপনাকে খুঁজে পাইনি। ফলে কোন কওমের সবচেয়ে খারাপ রাতের ন্যায় আমরা খুবই বাজে অবস্থায় রাত্রি যাপন করি। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “আমার কাছে জিনের একজন আহবানকারী এসেছিলেন, অতঃপর আমি তার সাথে যাই এবং তাদেরকে কুরআন পাঠ করে শুনাই।” রাবী বলেন, অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের নিয়ে সেই স্থানে রওয়ানা হন এবং আমাদেরকে জিনদের রান্না করার আগুনের স্থান দেখান। জিনরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে তাদের খাদ্য সম্পর্কে জিজ্ঞেস করেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তোমাদের খাদ্য হলো এমন সব (প্রাণির) হাড্ডি, যা আল্লাহর নামে জবাই করা হয়েছে। এই হাড্ডি যখন তোমাদের হাতে আসবে, তখন সেটি পরিপূর্ণ মাংসল হয়ে যাবে। আর সব ধরণের গোবর তোমাদের চতুষ্পদ প্রাণির খাবার।”

অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “কাজেই তোমরা হাড্ডি এবং গোবর দিয়ে শৌঁচকার্য সম্পাদন করবে না। কেননা এসব তোমাদের ভাই জিনদের খাবার।”[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৮২; আত তায়ালিসী: ১/৪৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১৫৫; সহীহ মুসলিম: ৪৫০; আবূ দাউদ: ৮৫; তিরমিযী: ১৮; আবূ আওয়ানা: ১/২১৯; সুনান বাইহাকী: ১/১০৮/১০৯; নাসাঈ, আল কুবরা: ৭/১১২; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৭৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটির “আল্লাহর নামে জবাই” এবং “তোমাদের চতুষ্পদ প্রাণির খাবার” এই অংশটুকু বাদে বাকী অংশ সহীহ বলেছেন। (আয যঈফা: ১০৩৮।)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ শা‘বী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90743

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন